Series RHB

Code No. 7

Candidates must write the Code on the title page of the answer-book.

Roll No. | | | | | | | |

- Please check that this question paper contains **12** printed pages.
- Code number given on the right hand side of the question paper should be written on the title page of the answer-book by the candidate.
- Please check that this question paper contains **18** questions.
- **Please write down the Serial Number of the question before attempting it.**
- 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. to 10.30 a.m., the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

SUMMATIVE ASSESSMENT – II

BENGALI

বাংলা

Time allowed : 3 hours | *Maximum Marks : 80*

সময় : 3 ঘন্টা | *সর্বমোট অঙ্ক : 80*

[প্রশ্নপত্রের 'A', 'B', 'C', 'D' চারটি অংশ যথাক্রমে 15, 15, 15 এবং 35 মান সম্পন্ন।]

www.examrace.com

(গ) ‘গণিতবেত্তা’ বলতে কী বোঝায় ?

(i) যিনি ভাল গান গাইতে পারেন

(ii) যিনি ম্যাজিক দেখাতে পারেন

(iii) যিনি অঙ্কশাস্ত্রে সুপন্ডিত

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও। *2+2+1=5*

আন্দামান দ্বীপপুঞ্জ থেকে আশি মাইল দক্ষিণে অবস্থিত নিকোবর দ্বীপপুঞ্জ। এই দ্বীপগুলির একশো দশ মাইল পূর্বদিকে রয়েছে সুমাত্রা অঞ্চল। নিকোবরের প্রধান দ্বীপগুলির কয়েকটি হল কার নিকোবর, টেরেসা, কার্মোটা, নানকৌরী, কাচাল, গ্রেট নিকোবর প্রভৃতি। নিকোবরীদের নিজস্ব কোনো লিপি আজও নেই। রোমান লিপি তারা ব্যবহার করে ভাষাকে প্রকাশ করার জন্য। ছয়টি কথ্যভাষায় কথা বলে নিকোবরী জাতির বিভিন্ন শাখার মানুষ। এরা সৎ এবং সরল বলেই পরিচিত। কাজকর্মে কিন্তু খানিকটা ঢিলে এবং আয়েসী। হয়তো অনুকূল জলবায়ু আর খাদ্যের প্রচুর জোগান থাকার কারণেই এমনটা হয়েছে। সারাবছর নানারকম উৎসবে এরা মেতে থাকে। নাচ, গান আর সম্মিলিত ভোজ দিয়ে এরা দুষ্ট আত্মাদের তুষ্ট করে। মৃতদেহকে কবর দেওয়ার সময়ও এরা নানারকম আচার – উৎসব পালন করে। নিকোবরীদের একটি বিশেষ উৎসব ‘হোরী’। ‘হোরী’ হল নৌকা ভাসানোর উৎসব।

(ক) নিকোবর দ্বীপপুঞ্জ আন্দামান দ্বীপপুঞ্জের কোন্ দিকে, কতদূরে অবস্থিত ?

(i) আশি মাইল দক্ষিণে

(ii) দশ মাইল পূর্বদিকে

(iii) আশি মাইল পূর্বদিকে

www.examrace.com

(খ) নিকোবরী জাতির ভাষা যে লিপিকে অবলম্বন করেছে, তা হল :

(i) বাংলা

(ii) মিশরীয়

(iii) রোমান

(গ) নিকোবরী জাতির বিভিন্ন শাখার মানুষ কতগুলো কথ্যভাষায় কথা বলে ?

(i) কুড়িটা

(ii) তিনটে

(iii) ছয়টি

3. অনুচ্ছেদটি পড়ে উত্তর বেছে লেখ। *1+2+2=5*

ছোটদের জীবনের সবটা মোটেই আরামে-আদরে ভরা থাকে না, তার উল্টোটিও যথেষ্ট দেখা যায়। বাড়িতে সরোজিনী মাসিমা এসে ক'দিন ছিলেন। স্কুল-ইন্‌সপেক্‌শনে এসেছেন, মা'র বন্ধু। আমাদের শোবার ঘরটি তাকে দেওয়া হল। তাতে আমাদের কোনো আপত্তি ছিল না, তবে কোথায় শুতাম মনে নেই। দুপুরে কেউ কোথাও নেই দেখে সরোজিনী মাসিমার ঘরে গিয়ে দেখি টেবিলের ওপর রাশি রাশি নীল খাম আর চিঠির কাগজ; একটা দোয়াত, তাতে কালি ভরা, দুটি কলম। একসঙ্গেঁ এত আমরা কখনো দেখিনি। দাদা অমনি পোস্টমাস্টার সেজে চেয়ারে বসে, কালি দিয়ে খামের ওপর ঠিকানা আর কাগজে লম্বা লম্বা চিঠি লিখে, দিদিকে, আমাকে বিলি করবার জন্য দিতে লাগল। লিখতে জানত না বলে ওর কোনোই অসুবিধে হল না। দিদি আমি দুজনেই পিওন। চিঠির প্রাপক কল্যাণ। সেদিনের আনন্দের কথা আজ পর্যন্ত মনে আছে। কিন্তু বেশির ভাগ আনন্দের ব্যাপারের

www.examrace.com

মতো এর শেষটিও বড়ই নৈরাশ্যময় । সরোজিনী মাসিমার রাগ-মাগ, কানমলা, বকুনি, কান্না ।

(ক) সরোজিনী মাসিমা কেন এসেছিলেন ?

(i) বেড়াতে

(ii) আরামে-আদরে থাকতে

(iii) স্কুল ইন্সপেক্‌শনে

(খ) সরোজিনী মাসিমার চিঠির কাগজ নিয়ে দাদা কী করল ?

(i) ছবি একে বিলি করতে লাগল

(ii) চিঠি লিখে পিওনকে বিলি করতে দিয়ে এল

(iii) কাগজে লম্বা লম্বা চিঠি লিখে দিদিকে আমাকে বিলি করবার জন্য দিতে লাগল

(গ) 'নৈরাশ্যময়' শব্দটির বিপরীত বোঝাতে ব্যবহার করব :

(i) আনন্দময়/আনন্দঘন

(ii) আশাময়/আশাপ্রদ

(iii) দুঃখময়/দুঃখদায়ী

SECTION B

Writing

নির্মিতি

4. তোমার স্কুলের পরিচয়পত্র (আই কার্ড) সহ তোমার একটি ছোট্ট হাতব্যাগ স্কুল চত্বরেই হারিয়েছে । স্কুলের শিক্ষক-ছাত্র-কর্মচারী যিনি/যে ব্যাগটি পাবেন/পাবে, যেন নির্দিষ্ট ঠিকানায় পাঠিয়ে দেন/দেয় – এই মর্মে স্কুলের নোটিশ বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি লেখ (নোটিস) । 3

অথবা

www.examrace.com

নবম এবং দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের নিয়ে একটি শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হবে, উৎসাহী ছাত্রছাত্রীরা যেন শ্রেণী-প্রতিনিধিদের সঙ্গেঁ যোগা-যোগ করে – এই মর্মে স্কুল-বিজ্ঞপ্তি বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি (নোটিস) রচনা কর।

5. নীচে দেওয়া সংকেত অবলম্বন করে একটি গল্প লেখ, গল্পটির একটি শিরোনাম দাও। গল্পটি থেকে কী শিক্ষা পেলে তা কুড়িটি শব্দের মধ্যে লেখ। *3+1+2=6*

রিনি একটি পাবলিক বাসের যাত্রী। দেখছে, বেশ কয়েকটি ছেলে মিলে মহিলা সীটের পাশে জটলা করছে একটি ছেলে বারবার একটি মেয়েকে বিরক্ত করছে – কেউ কিছু বলছে না। রিনি প্রতিবাদ করল। অনেকেই উঠে দাঁড়াল।

6. কমনওয়েলথ গেমস্ আসন্ন। দিল্লীতে তার প্রস্তুতি চলেছে। সেজন্য রাস্তাঘাট ভাঙাচোরা, চলাফেরা কষ্টসাধ্য হয়ে পড়েছে এই কথা তুমি চিঠির মাধ্যমে জেনেছ। এ সম্পর্কে পত্রিকার জন্য একটি প্রতিবেদন লেখো। *6*

অথবা

এবার মাধ্যমিক পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছে সুযোগসুবিধাহীন একটি দূর গ্রামের গরীব ছেলে। এ বিষয়ে পত্রিকার জন্য একটি প্রতিবেদন লেখো।

SECTION C
Grammar
ব্যাকরণ

7. নীচের সন্ধিগুলিতে তিনটে করে বিকল্প সূত্র দেওয়া আছে। সঠিক উত্তর বেছে লেখো। *1×3=*

(ক) নিঃ + অবধি হবে –

(i) নির্বধি

(ii) নিরবধি

(iii) নিষ্বোধি

www.examrace.com

নবম এবং দশম শ্রেণীর ছাত্রছাত্রীদের নিয়ে একটি শিক্ষামূলক ভ্রমণের আয়োজন করা হবে, উৎসাহী ছাত্রছাত্রীরা যেন শ্রেণী-প্রতিনিধিদের সঙ্গেঁ যোগা-যোগ করে – এই মর্মে স্কুল-বিজ্ঞপ্তি বোর্ডের জন্য একটি বিজ্ঞপ্তি (নোটিস) রচনা কর।

5. নীচে দেওয়া সংকেত অবলম্বন করে একটি গল্প লেখ, গল্পটির একটি শিরোনাম দাও। গল্পটি থেকে কী শিক্ষা পেলে তা কুড়িটি শব্দের মধ্যে লেখ। *3+1+2=6*

রিনি একটি পাবলিক বাসের যাত্রী। দেখছে, বেশ কয়েকটি ছেলে মিলে মহিলা সীটের পাশে জটলা করছে একটি ছেলে বারবার একটি মেয়েকে বিরক্ত করছে – কেউ কিছু বলছে না। রিনি প্রতিবাদ করল। অনেকেই উঠে দাঁড়াল।

6. কমনওয়েলথ গেমস্ আসন্ন। দিল্লীতে তার প্রস্তুতি চলেছে। সেজন্য রাস্তাঘাট ভাঙাচোরা, চলাফেরা কষ্টসাধ্য হয়ে পড়েছে এই কথা তুমি চিঠির মাধ্যমে জেনেছ। এ সম্পর্কে পত্রিকার জন্য একটি প্রতিবেদন লেখো। *6*

অথবা

এবার মাধ্যমিক পরীক্ষায় প্রথম স্থান অধিকার করেছে সুযোগসুবিধাহীন একটি দূর গ্রামের গরীব ছেলে। এ বিষয়ে পত্রিকার জন্য একটি প্রতিবেদন লেখো।

SECTION C
Grammar

ব্যাকরণ

7. নীচের সন্ধিগুলিতে তিনটে করে বিকল্প সূত্র দেওয়া আছে। সঠিক উত্তর বেছে লেখো। *1×3=*

(ক) নিঃ + অবধি হবে –

(i) নির্বধি

(ii) নিরবধি

(iii) নিষ্বোধি

www.examrace.com

(খ) 'দুশ্চরিত্র' শব্দটির সন্ধিচ্ছেদ করলে হয় :

(i) দুঃ + চরিত্র

(ii) দুর্ + চরিত্র

(iii) দুশ্চঃ + রিত্র

(গ) 'অন্তরীক্ষ' শব্দটির সন্ধিবিচ্ছেদ হবে :

(i) অন্তঃ + রীক্ষ

(ii) অনঃ + তরীক্ষ

(iii) অন্তঃ + ঈক্ষ

8. সাধু-চলিত ভাষা সম্পর্কিত নীচের প্রশ্নে সঠিক উত্তরটি বেছে লেখো। *1×3=3*

(ক) সেইদিনই রমেনকে নিয়ে সে কলকাতায় রওনা হয়ে গেল। সাধুগদ্যে লিখলে হবে :

(i) সেইদিনই রমেনকে লইয়া সে কলিকাতায় রওনা হয়ে গেল।

(ii) উক্ত দিবসেই রমেনকে নিয়া সে কলিকাতায় রওনা হয়ে গেল।

(iii) উক্ত দিবসেই রমেনকে লইয়া সে কলিকাতায় রওনা হইয়া গেল।

(খ) ইহার কয়েকদিবস পরেই আমরা উক্ত বাড়ীতে নিমন্ত্রিত হইয়া একখানি বৃহৎ বজরা করিয়া ভাসিয়া পড়িলাম। চলিত ভাষায় এভাবে লেখা হবে :

(i) এর ক'দিন পরেই আমরা ঐ বাড়ীতে নিমন্ত্রিত হয়ে একটি বড় বজরা করে ভেসে পড়লাম।

(ii) এর কয়েকদিন পরেই আমরা উক্ত বাড়িতে নিমন্ত্রিত হয়ে একখানি বৃহৎ বজরা করিয়া ভাসিয়া পড়িলাম।

(iii) এর ক'দিন পরেই আমরা ঐ বাড়ীতে নিমন্ত্রিত হয়ে একখানি বৃহৎ বজরা করে ভেসে পড়িলাম।

www.examrace.com

(গ) গৌরবি সাত পাঁচ ভেবে কাপড়খানা কাচতে বসল। এই বাক্য সাধুভাষায় লিখলে হয় :

(i) গৌরবি সাত পাঁচ ভাবিয়া কাপড়খানা কাচতে বসল।

(ii) গৌরবি সাত পাঁচ ভাবিয়া কাপড়খানা কাচিতে বসিল।

(iii) গৌরবি সাত পাঁচ ভেবে কাপড়খানি কাচতে বসিল।

9. প্রদত্ত প্রশ্নে প্রতিটিতে একটি করে বাক্য ও নির্দেশানুযায়ী তার গঠনগত রূপান্তরের তিনটি রূপ দেওয়া হয়েছে। সঠিক উত্তর বেছে লেখো। *1×3=*

(ক) যদি আপনার দয়া হয়, তাহলে নিজেই দিয়ে দিন। বাক্যটি সরল বাক্যে লিখলে দাঁড়ায় :

(i) আপনার দয়া হলে নিজেই দিয়ে দিন।

(ii) আপনার যখন এত দয়া, নিজেই দিয়ে দিন।

(iii) দয়া যখন আপনার, তখন নিজেই দিয়ে দিন।

(খ) আমি মরলে সেও মরবে, এই বাক্যটি যৌগিক বাক্যে লিখলে এমন হবে :

(i) আমি মরলেই সেও মরবে।

(ii) আমি যদি মরি, তবে সে ও মরবে।

(iii) আমি মরব, এবং সেই কারণে সেও মরবে।

10. নীচে একই শব্দের বিভিন্ন অর্থে ব্যবহার সংক্রান্ত তিনটি প্রশ্ন দেওয়া আছে। প্রতি প্রশ্নের তিনটি করে উত্তর দেওয়া আছে। সঠিক উত্তর বেছে লেখো। *1×3=*

(ক) 'মাথা' শব্দটি 'বুদ্ধি/দক্ষতা' অর্থে কোন্ বাক্যে ব্যবহৃত হয়েছে ?

(i) আমার আজ খুব মাথা ধরেছে।

(ii) গাছের মাথায় আলো ঝলমল করছে।

(iii) অঙ্কে সুবোধের একেবারেই মাথা নেই।

www.examrace.com

(খ) 'কাঁচা' শব্দটি 'দুর্বল/অপরিণত' অর্থে কোথায় ব্যবহৃত ?

(i) গ্রামের কাঁচা রাস্তায় জলকাদা ভরা থাকে।

(ii) পেয়ারাটা একেবারেই কাঁচা।

(iii) কাঁচা বুদ্ধিতে মেয়েটি বোঝেনি সে ভুল করছে।

(গ) 'মুখ' শব্দটি 'শরীরের অংশবিশেষ' রূপে কোথায় বসেছে ?

(i) কুকুর-মা মুখে করে তার বাচ্ছাকে নিয়ে যাচ্ছে।

(ii) এখানেই খাল বড় গাঙের মুখে এসে পড়েছে।

(iii) কথায় কথায় অত মুখনাড়া দেওয়া ভাল নয়।

11. প্রদত্ত প্রশ্নে একই শব্দের তিনটি বানানের রূপ দেওয়া হয়েছে। সঠিক বানান বেছে লেখো। *3×1=3*

(ক) ভৌগলিক/ভৌগোলিক/ভৌগলীক

(খ) ব্যাতিক্রম/ব্যাতীক্রম/ব্যতিক্রম

(গ) দূর্গা/দুগ্গা/দুর্গা

SECTION D
Literature
সাহিত্য

12. সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখ। *5*

"দীর্ঘ প্রবাসের পর উৎসে মিলিত হইতে যাইতেছি।"

অথবা

নিরীহ বাংলাদেশে গোপালের মতো সুবোধ ছেলের অভাব নাই।

www.examrace.com

13. শরীর থাক আর যাক, এ সময় একটা রাত্রিও ঘরে বসিয়া থাকিলে কুবেরের চলিবেনা। *1+4=5*

(ক) কোন্ রচনায় কে লিখেছেন ?

(খ) কুবের কে ? কেন এসময় তার ঘরে বসে থাকলে চলবে না ?

অথবা

আধুনিক শিক্ষার কর্মনাশা স্রোতে সেগুলি বিস্মৃতির অতল গর্ভে তলিয়ে যাচ্ছে।

(ক) কোন্ রচনায় কে একথা লিখেছেন ?

(খ) 'সেগুলি' কী কী, তার একটি তালিকা প্রস্তুত কর।

14. সেই নিবিড় নীলস্তর ভেদ করিয়া দুই শুভ্র তুষারমূর্তি শূন্যে উত্থিত হইয়াছে একটি গরীয়সী রমনীর ন্যায়। *1+1+3=5*

(ক) রচনাটি কার লেখা ?

(খ) 'দুই শুভ্র তুষারমূর্তি' কারা, তাদের নাম লেখ।

(গ) লেখক কেন এদের 'শিব ও রুদ্র' বলেছেন, বুঝিয়ে দাও।

15. প্রসঙ্গসহ ব্যাখ্যা লেখ।

নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।

অথবা

তুমি মহারাজ, সাধু হলে আজ, আমি আজ চোর বটে।

www.examrace.com

16. ওই আমাদের ছেলেরা সব, – ত্রুটি ওদের অনেক হয়,
– মাঝে মাঝে ভুল ঘটে ঢের, কারণ ওরা দেবতা নয়। *1+2+2=5*

(ক) কোন্ কবিতার অংশ ?

(খ) কবিতার প্রথম স্তবকে ছেলেদের যে-ভাবে বর্ণনা করা হয়েছে, তা লেখ।

(গ) উপরের পংক্তিদুটি বিশ্লেষণ কর।

অথবা

আর সবি গেছি ভুলি ভুলিনি এ মুখগুলি
একবার মুদিলে নয়ন
আঁখিপাতা ভারী ভারী ম্লান মুখ সারি সারি
আকুল করিয়া তোলে মন।

(ক) কোন্ কবিতায় কে লিখেছেন ?

(খ) কবিতায় কবি কাদের কথা লিখেছেন ? তাদের বর্ণনা কর।

(গ) কেন 'এ মুখগুলি' কবি ভুলতে পারেননা, লেখ।

17. 'হিন্দুস্থানে এক ফুল ফুটেছিল – তার দোসর নেই, জুড়ি নেই' – *1+2+2=5*

(ক) কোন্ রচনার অন্তর্গত ?

(খ) উক্তিটি কে, কখন করেছিলেন ?

(গ) কেন এ ফুলটির 'জুড়ি নেই, দোসর নেই' ?

অথবা

www.examrace.com

'শাহেনশা' আমার সাধ যায়, আকাশের চাঁদটাকে সোনার কৌটোয় পুরে রাখি !'

(ক) কে, কাকে, কখন বলেছে ?

(খ) কথাটি কেন বলা হয়েছে ?

(গ) এর পর কী ঘটেছিল, লেখ।

18. "... আমার বিশ্বাস ভবানীর খাঁড়া এখনো চিতোরেই আছে;" 1+2+2=5

(ক) এ কথা কে, কাকে বলেছেন ?

(খ) ভবানীর খাঁড়া কোথায় ছিল ?

(গ) কী ভাবে সে খাঁড়া হাম্বির উদ্ধার করলেন ?

অথবা

আর একজন রাজা মহারাজ সমরসিংহ –

(ক) সমরসিংহ কে ছিলেন ?

(খ) সমরসিংহ কীভাবে তাঁর বন্ধুত্বের পরিচয় রেখেছিলেন ?

(গ) রাজপুতানায় কেন সমরসিংহের নাম গানের মধ্যে অমর হয়ে আছে ?

www.examrace.com